দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 OCT 2017
পৃষ্ঠা ২ কলাম ১

# মেডিক্যালে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নিলে ৫ নম্বর কাটা যাবে

## মন্ত্রণালয়ের সিদ্ধান্ত আপিল বিভাগে বহাল

■ ইত্তেফাক রিপোর্ট

চলতি শিক্ষা বর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মোহাম্মদ আবদুল ওয়াহহাব মিঞার নেতৃত্বাধীন আপিল বিভাগের পাঁচ বিচারপতির বেঞ্চ গতকাল বুধবার এই আদেশ দেন। গত ২৭ আগস্ট হাইকোর্ট স্বাস্থ্য অধিদপ্তরের ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত স্থগিত করে দিয়েছিলো। গত ১৪ সেপ্টেম্বর আপিল বিভাগের অবকাশকালীন চেম্বার আদালত হাইকোর্টের ওই আদেশ স্থগিত করে দেয়। গতকাল আপিল বিভাগের নিয়মিত বেঞ্চ ওই স্থগিতাদেশ বহাল রাখে। এর ফলে পরীক্ষার্থীদের ৫ নম্বর কর্তনের ক্ষেত্রে আর কোনো আইনগত বাধা থাকল না বলে সাংবাদিকদের জানান অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।

চলতি শিক্ষা বর্ষে (২০১৭-২০১৮) এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির লক্ষ্যে গত ২১ আগস্ট পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য অধিদপ্তর। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, উক্ত শিক্ষা বর্ষে এমবিবিএস বা বিডিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের সর্বমোট নম্বর থেকে ৫ নম্বর কর্তন করে মেধাতালিকা প্রস্তুত করা হবে। নম্বর কর্তনের এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন আইনজীবী ইউনুস আলী আকন্দ। গতকাল আপিল বিভাগে রিটকারী নিজেই এবং রাষ্ট্রপক্ষে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম শুনানি করেন।